

## প্রফেসর নূরান্দিন চৌধুরীর মৃত্যুতে আইআইইউসি ভিসির শোক প্রকাশ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)-এর একাডেমিক কাউন্সিলের সদস্য, সাবেক সিভিকেট সদস্য, আইআইইউসি'র এমবিএ প্রোগ্রামের প্রতিষ্ঠাতা কো-অর্ডিনেটর এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর এজেএম নূরান্দিন চৌধুরীর মৃত্যুতে আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোক বিবৃতিতে ভাইস-চ্যান্সেলর প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন আইআইইউসি'র একাডেমিক উন্নয়নে এবং পরিচালনায় প্রফেসর এজেএম নূরান্দিন চৌধুরীর আন্তরিক ভূমিকা শুন্দার সাথে স্মরণ করে বলেন, প্রতিষ্ঠালগ্ন থেকে আইআইইউসি'র সার্বিক কর্মকাণ্ডে তাঁর সক্রিয় অবদান ও সম্পৃক্ততা ছিল। তিনি বিশ্ববিদ্যালয় পর্যায়ে একজন খ্যাতিমান শিক্ষক ছিলেন উল্লেখ করে তিনি বলেন, তাঁর মৃত্যুতে দেশ একজন নিষ্ঠাবান শিক্ষাবিদ ও পদ্ধিত ব্যক্তিত্বকে হারালো যা জাতির জন্য অপূরণীয় ক্ষতি।

প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন মহান আল্লাহর কাছে প্রার্থনা করে বলেন, আল্লাহ যেন পরকালে প্রফেসর এজেএম নূরান্দিন চৌধুরীকে তাঁর সৎকর্মের উত্তম প্রতিদান দেন এবং জান্নাতবাসী করেন। শোক বিবৃতিতে তিনি মরহুমের রূহের মাহফেরাত কামনা এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন।